

## এমপিওভুক্তির দাবি

# অবস্থান ধর্মঘটে বেসরকারি অনার্স মাস্টার্সের শিক্ষকরা

নিজস্ব প্রতিবেদক

১৭ মে ২০২২ ১২:০০ এএম।

আপডেট: ১৭ মে ২০২২

০৯:৪২ এএম

বাংলাদেশ সরকার  
আমাদের ময়

advertisement

এমপিওভুক্তির দাবিতে জাতীয় বিশ্ববিদ্যালয়ের মূল ফটকের সামনে অবস্থান কর্মসূচি পালন করেছেন বেসরকারি কলেজের অনার্স-মাস্টার্সের শিক্ষকরা। গতকাল সোমবার সকালে এই কর্মসূচি পালন করে বাংলাদেশ বেসরকারি কলেজ অনার্স-মাস্টার্স শিক্ষক ফেডারেশন। বাংলাদেশ বেসরকারি কলেজ অনার্স-মাস্টার্স শিক্ষক ফেডারেশনের সভাপতি হারুন উর রশীদ এ তথ্য জানান।

হারুন উর রশীদ বলেন, আমরা বেসরকারি কলেজে অনার্স-মাস্টার্স কোর্সে সুদীর্ঘ ২৯ বছর বিনা বেতনে পাঠদান করে যাচ্ছি। কিন্তু আজ পর্যন্ত আমাদের এমপিওভুক্তির বিষয়ে কোনো পদক্ষেপ নেওয়া হয়নি।

তিনি বলেন, সারা দেশে আমরা প্রায় সাড়ে পাঁচ হাজার শিক্ষক রয়েছি, যাদের অনেকের এনটিআরসিএর শিক্ষক নিবন্ধন সনদ থাকলেও নীতিমালা না থাকার কারণে এমপিওভুক্ত হতে পারছি না। দ্রুত নীতিমালায় বিষয়টি অন্তর্ভুক্ত করে এমপিওভুক্তির জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনার হস্তক্ষেপ কামনা করছি।

অবস্থান কর্মসূচি শেষে সংগঠনের পক্ষ থেকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মশিউর রহমান বরাবর লিখিত আবেদন দেওয়া হয়।

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত কলেজগুলোতে অনাস্র্ম-মাস্টার্স কোর্স শুরু হয় ১৯৯২ সালে। এই শিক্ষকরা বিনা বেতনে পাঠদান করে যাচ্ছেন। কোনো কোনো কলেজে প্রতিষ্ঠানের নিজস্ব ফান্ড থেকে কিছু সম্মানি দিলেও সেটা চাহিদার তুলনায় খুবই কম।